Google কীভাবে আপনার তথ্য ব্যবহার করে তা এই গোপনীয়তা নীতিটি আপনাকে বুঝতে সাহায্য করবে:

- Google যেসব তথ্য সংগ্রহ করে সেগুলির বিভাগ এবং উৎস সম্পর্কে আমরা Google যে তথ্য সংগ্রহ করে-তে বর্ণনা করেছি।

- Google তথ্য সংগ্রহ ও ব্যবহার কীসের জন্য করে, আমরা সেটি Google ডেটা কেন সংগ্রহ করে তাতে ব্যাখ্যা করি।

- Google কখন তথ্য প্রকাশ করতে পারে তা আমরা আপনার তথ্য শেয়ার করা লিঙ্কে ব্যাখ্যা করি। Google আপনার ব্যক্তিগত তথ্য বিক্রি করে না। এছাড়াও ক্যালিফোর্নিয়া কনজিউমার প্রাইভেসি অ্যাক্ট (CCPA) মেনে, Google আপনার ব্যক্তিগত তথ্য "শেয়ার" করে না।

- Google কীভাবে তথ্যের রেকর্ড রাখে তা আপনার তথ্যের রেকর্ড রাখা লিঙ্কে ব্যাখ্যা করি। এছাড়াও Google কীভাবে ডেটা সংক্রান্ত তথ্য গোপন রাখে সেই সম্পর্কে আপনি জানতে পারবেন। সেখানে উল্লেখ করা বর্ণনা অনুযায়ী, আপনার গোপনীয়তা রক্ষা করার জন্য Google ডেটা সংক্রান্ত তথ্য গোপন রাখার সময়, সেই তথ্য কোন ব্যক্তির তা যেন আবার চিনে নেওয়া না যায় তার জন্য আমরা নীতি ও প্রযুক্তিগত ব্যবস্থা বজায় রাখি।

এছাড়াও, মার্কিন যুক্তরাষ্ট্রের গোপনীয়তা আইন Google কীভাবে আপনার তথ্য সংগ্রহ, ব্যবহার ও প্রকাশ করে সেই সংক্রান্ত তথ্যের জন্য অনুরোধ করার অধিকার প্রদান করে। এবং এইসব আইন আপনার তথ্য মাঝে মাঝে পোর্টেবল ফর্ম্যাটে অ্যাক্সেস করার এবং সংশোধন করার অধিকার প্রদান করে। এছাড়াও Google যাতে সেই তথ্য মুছে দেয় তার জন্য অনুরোধ করার অধিকার প্রদান করে। এছাড়াও, এইসব আইন নির্দিষ্ট ধরনের প্রোফাইলিং এবং লক্ষ্য করা বিজ্ঞাপন থেকে বেরিয়ে আসার অধিকার প্রদান করে। এগুলি এইসব গোপনীয়তার অধিকার ব্যবহার করার সময় যেকোনও ধরনের বৈষম্য থেকে সুরক্ষিত থাকার অধিকারও প্রদান করে। সর্বশেষে, CCPA স্বাস্থ্য সম্পর্কিত ডেটার মতো নির্দিষ্ট ধরনের ডেটাকে সংবেদনশীল হিসেবে চিহ্নিত করে, যখন ব্যবহারকারীরা এই তথ্য প্রদান করেন, তখন Google সিসিপিএ (CCPA) অনুযায়ী অনুমোদিত উদ্দেশ্যেই শুধুমাত্র এটি ব্যবহার করে। যেমন, আমাদের ব্যবহারকারীরা যেসব পরিষেবা প্রদান করার অনুরোধ করেছেন এবং সেইসব পরিষেবা পাওয়ার প্রত্যাশা করছেন।

Google-এর সমস্ত পরিষেবা জুড়ে ডেটা ও গোপনীয়তা ম্যানেজ করার জন্য যেসব পছন্দ আপনার রয়েছে তা আপনার গোপনীয়তা নিয়ন্ত্রণ-এ ব্যাখ্যা করি। এইসব টুল আপনাকে আপনার তথ্য পর্যালোচনা, আপডেট করতে এবং মুছতে ও এর একটি কপি এক্সপোর্ট ও ডাউনলোড করতে দেয়। এছাড়াও আমার বিজ্ঞাপন কেন্দ্রতে যাওয়ার মাধ্যমে আপনাকে বিজ্ঞাপন দেখানোর জন্য কোন তথ্য আমরা ব্যবহার করি তা কন্ট্রোল করতে বা পছন্দমতো বিজ্ঞাপন সম্পর্কিত সুবিধা বন্ধ করতে পারবেন।

এই টুলগুলি ব্যবহার করতে চাইলে, আপনি নিজের Google অ্যাকাউন্টে সাইন-ইন করে রয়েছেন কিনা দেখে নিয়ে তবেই আমরা আপনার আবেদন মঞ্জুর করব। মার্কিন যুক্তরাষ্ট্রের গোপনীয়তা আইনের অধীনে আপনার কী কী অধিকার রয়েছে সেই বিষয়ে কোনও প্রশ্ন থাকলে বা অনুরোধ করতে হলে, আপনি (বা আপনার অনুমোদিত এজেন্ট) Google-এর সাথেও যোগাযোগ করতে পারবেন। এবং আপনার অনুরোধের ভিত্তিতে নেওয়া সিদ্ধান্তের সাথে আপনি অসম্মত হলে, আমাদের ইমেলে উত্তর দিয়ে Google-কে বিষয়টি আবার বিবেচনা করার জন্য বলতে পারবেন।

Google কীভাবে CCPA-এর অনুরোধ ম্যানেজ করছে, সেই বিষয়ে আরও তথ্য প্রদান করা হয়।

মার্কিন যুক্তরাষ্ট্রের কিছু রাজ্যের গোপনীয়তা আইন অনুযায়ী বিভাগ অনুসারে ডেটা ব্যবহার ও ম্যানেজ করার বিবরণও দিতে হবে। নিচের টেবিলে সেই বিভাগগুলি ব্যবহার করেই এই গোপনীয়তা নীতিতে দেওয়া তথ্য আলাদা করে গুছিয়ে লেখা হয়েছে।

## আমরা সংগ্রহ করি এমন তথ্যের বিভাগ

**শনাক্তকারী ও একই ধরনের তথ্য** যেমন আপনার নাম ও পাসওয়ার্ড, ফোন নম্বর, এবং ঠিকানা, এর সাথে আপনি ব্যবহার করছেন এমন ব্রাউজার বা ডিভাইসের সাথে যুক্ত অনন্য শনাক্তকারী। YouTube Studio-এর মতো Google-এর কিছু পরিষেবা অতিরিক্ত ফিচার ব্যবহার করার জন্য আপনার পরিচয় শনাক্ত করতে সঠিক আইডি (যেমন পাসপোর্ট বা ড্রাইভিং লাইসেন্স) জমা দেওয়ার বিকল্প প্রদান করে।

**জনসংখ্যাতাত্ত্বিক তথ্য**, যেমন আপনার বয়স, লিঙ্গগত পরিচয় এবং ভাষা। আপনি YouTube ক্রিয়েটর ডেমোগ্রাফিক্স-এর মতো ঐচ্ছিক ফিচার বেছে নিলে, অতিরিক্ত তথ্য প্রদান করতেও পারবেন, যেমন আপনার লিঙ্গগত পরিচয় বা জাতি ও অঞ্চল সম্পর্কিত তথ্য।

**ব্যবসায়িক তথ্য** যেমন আপনার পেমেন্ট সংক্রান্ত তথ্য এবং Google-এর বিভিন্ন পরিষেবায় কেনাকাটার ইতিহাস।

**বায়োমেট্রিক তথ্য** যেটি আপনি চাইলে দিতে পারেন, যেমন Google-এর প্রোডাক্ট উন্নত করার গবেষণায় আঙ্গুলের ছাপ।

**ইন্টারনেট, নেটওয়ার্ক এবং অন্যান্য অ্যাক্টিভিটি সম্পর্কিত তথ্য** যেমন আপনি কোন কোন শব্দ দিয়ে সার্চ করছেন; কোন কন্টেন্ট ও বিজ্ঞাপন দেখছেন এবং কীভাবে সেগুলির সাথে ইন্টার‍্যাক্ট করছেন; আপনার Google অ্যাকাউন্টের সাথে সিঙ্ক করা Chrome-এর ব্রাউজিং ইতিহাস; আমাদের পরিষেবার সাথে আপনার অ্যাপ, ব্রাউজার এবং ডিভাইসের ইন্টার‍্যাকশন (যেমন IP অ্যাড্রেস, ক্র্যাশ রিপোর্ট এবং সিস্টেম অ্যাক্টিভিটি); এবং আমাদের পরিষেবা ব্যবহার করে এমন

থার্ড-পার্টি সাইট ও অ্যাপে করা অ্যাক্টিভিটি। আপনি আমার অ্যাক্টিভিটি-তে গিয়ে আপনার Google অ্যাকাউন্টে স্টোর করা অ্যাক্টিভিটি সম্পর্কিত ডেটা পর্যালোচনা ও নিয়ন্ত্রণ করতে পারেন।

**ভৌগোলিক লোকেশনের ডেটা**, যেটি হয়ত জিপিএস, IP অ্যাড্রেস এবং আপনার ডিভাইসে বা চারপাশে থাকা অন্যান্য সেন্সর থেকে প্রাপ্ত ডেটার ভিত্তিতে নির্ধারণ করা হতে পারে। তবে এটি আংশিকভাবে আপনার ডিভাইস ও অ্যাকাউন্ট সেটিংসের উপর নির্ভরশীল। এইসব সেটিংস অনুযায়ী, এর মধ্যে **সুনির্দিষ্ট লোকেশন সম্পর্কিত ডেটা** অন্তর্ভুক্ত থাকতে পারে, যেমন নেভিগেশন বা আপনার ফোন খোঁজার মতো Android ফিচারের জন্য জিপিএস ডেটা। Google লোকেশন সংক্রান্ত তথ্য কীভাবে ব্যবহার করে সেই বিষয়ে আরও জানুন।

**অডিও, ইলেকট্রনিক, ভিজ্যুয়াল এবং এই ধরনের তথ্য**, যেমন ভয়েস এবং অডিও সম্পর্কিত তথ্য।

আপনি যদি মেসেজ পাঠাতে ও পেতে আমাদের পরিষেবা ব্যবহার করেন তাহলে **যোগাযোগ সংক্রান্ত ডেটা**, যেমন ইমেল।

**স্বাস্থ্য সম্পর্কিত তথ্য** Google পরিষেবা ব্যবহার করার সময় যেটি Google Health Studies-এর মতো স্বাস্থ্য সম্পর্কিত ফিচার অফার করে, আপনি যদি এটি প্রদান করার জন্য বেছে নেন, যেমন আপনার চিকিৎসা সম্পর্কিত ইতিহাস, ভাইটাল সাইন ও স্বাস্থ্য সম্পর্কিত মেট্রিক (যেমন রক্তে গ্লুকোজের লেভেল) এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্যের সাথে সম্পর্কিত একই ধরনের অন্যান্য তথ্য।

**পেশাগত, চাকরি ও শিক্ষা সংক্রান্ত তথ্য**, যেমন, যেসব তথ্য আপনি দিয়েছেন অথবা যে সংস্থায় আপনি পড়াশোনা অথবা কাজ করেন, তাদের ব্যবহার করা Google পরিষেবা থেকে আপনার সম্পর্কে ম্যানেজ করা তথ্য।

**আপনার তৈরি বা প্রদান করা অন্যান্য তথ্য**, যেমন আপনার তৈরি, আপলোড বা গ্রহণ করা কন্টেন্ট (ফটো এবং ভিডিও বা ইমেল, দস্তাবেজ এবং স্প্রেডশীটের মতো)। Google ড্যাশবোর্ড দিয়ে আপনি নির্দিষ্ট প্রোডাক্ট সম্পর্কিত তথ্য ম্যানেজ করতে পারবেন।

উপরে উল্লিখিত বিষয়গুলি থেকে প্রাপ্ত **অনুমান**, যেমন আপনার আগ্রহের বিজ্ঞাপনের বিভাগ।

## যেসব ব্যবসায়িক উদ্দেশ্যে তথ্য ব্যবহার বা প্রকাশ করা হতে পারে

**নিরাপত্তা সংক্রান্ত ঝুঁকি, অপব্যবহার এবং বেআইনি অ্যাক্টিভিটি থেকে সুরক্ষিত রাখা**: নিরাপত্তা বিঘ্নিত হতে পারে এমন ঘটনা শনাক্ত ও প্রতিরোধ করতে এবং সেগুলিতে উপযুক্ত প্রতিক্রিয়া

দিতে ও অন্যদেরকে ক্ষতিকর, বিভ্রান্তিকর, প্রতারণামূলক বা বেআইনি অ্যাক্টিভিটি থেকে সুরক্ষিত রাখতে Google তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে। যেমন, আমাদের পরিষেবা সুরক্ষিত রাখতে, Google হয়ত এমন IP অ্যাড্রেস সম্পর্কিত তথ্য পেতে বা প্রকাশ করতে পারে যা খারাপ উদ্দেশ্যে আপোষ করা হয়েছে।

**অডিট এবং পরিমাপ**: আমাদের পরিষেবা কীভাবে ব্যবহার করা হয় তা বুঝতে এবং প্রকাশক, বিজ্ঞাপনদাতা, ডেভেলপার বা স্বত্বাধিকারীর মতো আমাদের পার্টনারদের প্রতি আইনি বাধ্যবাধকতা পূরণ করতে, Analytics প্রয়োগ ও পরিমাপের জন্য Google তথ্য ব্যবহার করে থাকে। অডিট করার উদ্দেশ্য সহ বিভিন্ন কারণে, যেসব তথ্য ব্যক্তিগতভাবে শনাক্তকরণযোগ্য নয় তা আমরা সর্বজনীনভাবে এবং এই পার্টনারদের কাছে প্রকাশ করতে পারি।

**আমাদের পরিষেবা রক্ষণাবেক্ষণ করা**: আমাদের পরিষেবা উদ্দেশ্যমাফিক সঠিকভাবে কাজ করছে কিনা দেখে নিতে Google তথ্য ব্যবহার করতে পারে, যেমন কোনও বিভ্রাট বা সমস্যার সমাধান করতে গিয়ে কোনও ত্রুটি বা অন্যান্য সমস্যা এলে সেগুলি ট্র্যাক করা।

**গবেষণা এবং উন্নয়ন**: আমাদের ব্যবহারকারী এবং সাধারণ মানুষ উপকৃত হন এমন নতুন প্রোডাক্ট, ফিচার ও প্রযুক্তি তৈরি করতে এবং আমাদের পরিষেবা আরও ভাল করতে Google তথ্য ব্যবহার করে থাকে। যেমন, Google-এর AI মডেলকে প্রশিক্ষণ দিতে ও Google Translate, Bard এবং ক্লাউড AI সুবিধার মতো প্রোডাক্ট ও ফিচারকে তৈরি করতে সাহায্য করতে আমরা সর্বজনীনভাবে উপলভ্য তথ্য ব্যবহার করি।

**পরিষেবা প্রদানকারীদের ব্যবহার**: আমাদের হয়ে পরিষেবা সম্পাদন করতে Google পরিষেবা প্রদানকারীদের সাথে তথ্য শেয়ার করে থাকে। তবে এগুলি আমাদের গোপনীয়তা নীতি এবং অন্যান্য যথাযথ গোপনীয়তা ও নিরাপত্তা ব্যবস্থা অবলম্বন করেই শেয়ার করা হয়। যেমন, গ্রাহক সহায়তা দেওয়ার জন্য আমরা পরিষেবা প্রদানকারীদের উপর নির্ভর করতে পারি।

**বিজ্ঞাপন দেখানো**: Google বিজ্ঞাপন দেখাতে তথ্য প্রসেস করে, এর মধ্যে অনলাইন শনাক্তকারী, ব্রাউজ করা ও সার্চ অ্যাক্টিভিটি এবং আপনার লোকেশন ও বিজ্ঞাপনগুলির সাথে আপনার ইন্টার‍্যাকশন সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত থাকে। এর ফলে Google-এর পরিষেবা এবং আপনি ব্যবহার করেন এমন বহু ওয়েবসাইট ও পরিষেবা ফ্রি রাখা যায়। আমার বিজ্ঞাপন কেন্দ্রতে থাকা আপনার বিজ্ঞাপনের সেটিংসে গিয়ে আপনাকে বিজ্ঞাপন দেখানোর জন্য আমরা যেসব তথ্য ব্যবহার করি তা নিয়ন্ত্রণ করতে পারবেন।

**আইনি কারণ**: Google প্রযোজ্য আইন বা নিয়মকানুন মেনে চলা পূরণ করতেও তথ্য ব্যবহার করে এবং আইনি প্রক্রিয়ায় বা আইন এনফোর্সমেন্ট সহ, এনফোর্স করার যোগ্য সরকারি অনুরোধে প্রতিক্রিয়া দিতে তথ্য প্রকাশ করে। আমাদের ট্রান্সপারেন্সি রিপোর্ট-এ সরকারের তরফ থেকে পাওয়া অনুরোধের সংখ্যা ও ধরন সংক্রান্ত তথ্য প্রদান করা হয়।

